

তারিখ ... ৬.১.৪৭ ...
 পৃষ্ঠা ... ১. কলাম ... ১ ...

৬ নম্বর ৩

এসএসসি পরীক্ষা : গণিতের প্রশ্নপত্র

গত ২১শে এপ্রিল, ৪৪ তারিখে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার সাধারণ গণিতের প্রধান পরীক্ষক ও পরীক্ষকদের এক সভা অনুষ্ঠিত হয়। কতিপয় পরীক্ষকের সঙ্গে আলাপ করে জানা গেলো যে সভায় সাধারণ গণিতের জ্যামিতি অংশের একটি প্রশ্ন নিয়ে বিতর্ক দেখা দেয়। প্রশ্নটি ছিল সাধারণ গণিতের ১২ নম্বরের খ-এর অংশ। তা হলো

এইরূপ একটি বৃত্ত অঙ্কন করা যাহা দুইটি সমান্তরাল সরল রেখা এবং উহাদের একটি ছেদককে স্পর্শ করে।

এ সম্পর্কে কিছু সংখ্যক প্রধান পরীক্ষক নাকি বলেন, স্কুল বা গ্রিকোনীর সাহায্যে সমান্তরাল সরল রেখা দুইটি এঁকে নিলে এবং বাকী অংশের অঙ্কন সম্পন্ন করলেই ছাত্র ছাত্রীরা পুরো নম্বর পাবে। কিন্তু জনৈক প্রধান পরীক্ষক বলেন, কিছু কিছু প্রশ্ন থাকে যা সব ছাত্রীদের জন্য নয়। সুতরাং কম্পাস দিয়ে সমান্তরাল সরল রেখা না আঁকলে বা অঙ্কনের চিহ্ন না থাকলে (এক্ষেত্রে) নম্বর পাবে না। তার কথায় অনেকেই প্রতিবাদ করলেও শেষ পর্যন্ত নাকি তার কথাই মেনে নেয়া হয়।

আমাদের প্রশ্ন হলো, কত পক্ষ কিভাবে এ ধরনের অযৌক্তিক সিদ্ধান্ত নিতে পারেন? প্রকৃত পক্ষে অঙ্কনের চিহ্ন ছাড়া (কেবল যাত্র) সমান্তরাল সরল রেখা স্কুল বা গ্রিকোনীর সাহায্যে অঙ্কন করা লেও তা সঠিক হবে। এর যুক্তি হিসাবে বলা যায় :

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রীডার ডঃ মর্শফিকুর রহমানের সম্পাদনায় বাংলাদেশ স্কুল টেক্সবুক বোর্ড কতক প্রকাশিত জ্যামিতি সোপান বইটি সপ্তম শ্রেণিতে বাধ্যতামূলক

ভাবে আমাদের পড়তে হয়েছিলো। সে বইটিতে ২৪-২৫ পৃষ্ঠায় গ্রিকোনির সাহায্যে সমান্তরাল সরল রেখা অঙ্কনের কথা বলা হয়েছে। কোথাও বলা হয়নি যে, গ্রিকোনী ব্যবহার করা যাবে না।

দ্বিতীয়তঃ বিখ্যাত অঙ্কবিদ কে পি বোস তার আধুনিক জ্যামিতি বইয়ের বিবিধ কড়াংকন অধ্যায়ে এ সম্পাদ্যটি সম্পাদন করেছেন সেখানে তিনি অঙ্কনের চিহ্ন ছাড়াই সমান্তরাল সরল রেখা দুটি অঙ্কন করেছেন।

জনমত

তৃতীয়তঃ দুটি সমান্তরাল সরল রেখা এবং তাদের একটি ছেদক অঙ্কন করে বাকী অংশের অঙ্কন চিহ্নসহ সম্পন্ন করলেই, যথেষ্ট প্রশ্ন বলা হয়েছে এমন একটি বৃত্ত অঙ্কন করার জন্য যা দুটি সমান্তরাল সরল রেখা এবং তাদের একটি ছেদককে স্পর্শ করবে। প্রশ্ন দুটি সমান্তরাল সরল রেখা অঙ্কন করতে বলা হয়নি। সুতরাং সমান্তরাল সরল রেখা এবং দুটি অঙ্কন করতে অঙ্কনের চিহ্ন ছাড়াই স্কুল বা গ্রিকোনী ব্যবহার করে অঙ্কন করলেই যথেষ্ট হবে।

বোর্ড কত পক্ষ তাদের সন্দেহ দূর করার জন্য সরল রেখা দুটি মাপে দেখতে পারেন/সরল রেখা দুটি সমান্তরাল কিনা।

কিন্তু শোনা যাচ্ছে বোর্ড কত পক্ষ তাদের উপরোক্ত সিদ্ধান্ত নাকি অটল রয়েছেন। যদি তাই হয় তবে হাজার হাজার ছাত্রছাত্রীর ভাগ্য অনিশ্চিত হয়ে পড়বে। অর্থাৎ যারা সমান্তরাল সরল রেখা অঙ্কনের চিহ্ন দেয়নি তারা নম্বর পাবে না। এ অবস্থায় বিষয়টি সহানুভূতির সাথে বিবেচনা করার জন্য আমরা বোর্ড

কত পক্ষের দৃষ্টি আকর্ষণ করছি
 —মোঃ শফিকউদ্দিন,
 বাঙা. ঢাকা